



ইসলামী বিশ্ববিদ্যালয়ঃ ১ কোটি ২০ লাখ টাকা  
ব্যয়ে নির্মিত ভিসি ভবন —ইত্তেফাক

১ কোটি ২০ লাখ টাকার

## ভিসি ভবন চালু

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতাঃ প্রায় ১ কোটি ২০ লাখ টাকা ব্যয়ে নির্মিত ইসলামী বিশ্ববিদ্যালয়ের সদৃশ্য, অত্যাধুনিক সুবিধা সমৃদ্ধ ভিসি ভবন দীর্ঘ আড়াই বছর অব্যবহৃত থাকার পর সম্প্রতি চালু হয়েছে। ৯৯ সালের ডিসেম্বরে ভবনের নির্মাণ কাজ শেষ হবার পর আড়াই বছরে ভবনের রক্ষণাবেক্ষণ ব্যবদ কয়েক লাখ টাকা অতিরিক্ত ব্যয় হয়েছে।

মূলতঃ ভিসিদের ব্যক্তিগত অনাগ্রহই (ছাত্রদের আন্দোলন ভীতি) উক্ত ভবন অব্যবহৃত থাকার প্রধান কারণ। এছাড়া ভবন ব্যবহার করলে ভিসিদের মোটা অংকের বাসা ভাড়া হাতছাড়া হওয়ার বিষয়টি জড়িত ছিল। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের বার বার তাগিদ সত্ত্বেও উক্ত ভবন অব্যবহৃত থাকে আড়াই বছর। তবে বর্তমান ভিসি প্রফেসর মুস্তাফিজুর রহমান গত বছরের ১০ ডিসেম্বর দায়িত্ব গ্রহণের পরই ভিসি ভবন ব্যবহারের ঘোষণা দেন। পরে ভবনের আসবাবপত্র ও সার্বিক গোছগাছ ঠিক করে ঘোষণার তিন মাসের মাথায় বাসায় উঠে তা কার্যকর করেন। ভিসি ক্যাম্পাসে থাকায় শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের মনোবল বৃদ্ধি পেয়েছে। জরুরী প্রয়োজনে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেয়া সহজ হচ্ছে।